

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪
আগরতলা, ৫ এপ্রিল, ২০২৬

লোকভবনে প্রাক্তন উপপ্রধানমন্ত্রী
বাবু জগজীবন রামের জন্মজয়ন্তী উদযাপন



আগরতলার লোকভবনে আজ সকালে এক অনুষ্ঠানে স্বাধীনতা সংগ্রামী ও প্রাক্তন উপপ্রধানমন্ত্রী বাবু জগজীবন রামের জন্মজয়ন্তী উদযাপন করা হয়। অনুষ্ঠানে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিড নাথু বাবু জগজীবন রামের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানান। অনুষ্ঠানে রাজ্যপাল বলেন, বাবু জগজীবন রাম ছিলেন ভারতের ইতিহাসে একজন অসাধারণ ব্যক্তিত্ব ও মহান নেতা। প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়নে এবং সমান অধিকারের পক্ষে তাঁর নিরলস প্রচেষ্টা আজও আমাদের প্রজন্মকে অনুপ্রাণিত করে চলেছে। জাতির প্রতি তাঁর অমূল্য অবদান চিরস্মরণীয় হয়ে থাকবে। অনুষ্ঠানে রাজ্যপালের সচিব ইউ কে চাকমা ও লোকভবনের অন্যান্য আধিকারিকগণও বাবু জগজীবন রামের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানান।
